

রেজিস্ট্রারের কার্যালয়
বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল
২০৩, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, বিজয়নগর, ঢাকা-১০০০
www.bnmc.gov.bd

স্মারক নং-বিএনএমসি/২০১৭/১৬০

তারিখ- ১৫ মার্চ, ২০১৭খ্রিঃ

বিজ্ঞপ্তি

বিষয়: আন্তর্জাতিক মিডওয়াইফ দিবস, ৫ মে ২০১৭ উদযাপন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রকাশনার জন্য লেখা আহ্বান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, প্রতি বছরের ন্যায় এবছরও বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের উদ্যোগে আগামী ৫ মে ২০১৭ইং তারিখে “আন্তর্জাতিক মিডওয়াইফ দিবস” উদযাপন করা হবে। তদুপলক্ষে একটি বর্ণাঢ্য র্যালী এবং উক্ত দিবসের তাৎপর্য তুলে ধরে সায়েন্টিফিক সেমিনার ও মিডওয়াইফারি সেবা উদ্বুদ্ধ করন মেলা আয়োজনসহ একটি প্রকাশনা বের করতে যাচ্ছে। নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের সহযোগিতা এবং ইউএনএফপিএ’র কারিগরি সহায়তায় অনুষ্ঠিতব্য উক্ত অনুষ্ঠানমালা ও প্রকাশনার কাজকে সুন্দর ও সমৃদ্ধ করার জন্য দেশের নার্স মিডওয়াইফ, সংশ্লিষ্ট শিক্ষক ও শিক্ষানবিশ মিডওয়াইফদের নিকট থেকে সহযোগিতা প্রত্যাশা করা হচ্ছে। সরকারী/বেসরকারী পর্যায়ের সকল মেডিকেল কলেজ হাসপাতাল, বিশেষায়িত হাসপাতাল, জেলা হাসপাতাল ও উপজেলা স্বাস্থ্যকেন্দ্রসহ হাসপাতালের নার্সিং শিক্ষা প্রতিষ্ঠান প্রাতিষ্ঠানিক ও ব্যক্তিগত ভাবে উক্ত অনুষ্ঠানে অংশগ্রহণ করতে পারবে।

১। প্রকাশনার জন্য মিডওয়াইফারি বিষয়ে তথ্যভিত্তিক ও অভিজ্ঞতাসমৃদ্ধ প্রবন্ধ, গল্প, কবিতা/ ইত্যাদি লেখা আহ্বান করা যাচ্ছে।

উল্লেখ্য যে, আত্মহী প্রতিষ্ঠান, বিভাগ এবং ব্যক্তিকে আগামী ৩০-০৩-২০১৭ইং তারিখের মধ্যে প্রকাশনার জন্য লেখা নিম্ন ঠিকানায় প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।



(সুরাইয়া বেগম)

রেজিস্ট্রার

বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল

ও

আহ্বায়ক

আন্তর্জাতিক মিডওয়াইফ দিবস-২০১৭ উদযাপন কমিটি

ফোনঃ ৯৫৬১১১৬, ৭১২৬১৩৩, ৯৫৬৪১৫৯

ফ্যাক্স-৯৫৬১১১৬

ই-মেইলঃ info@bnmc.gov.bd

স্মারক নং-বিএনএমসি/২০১৭/১৬০/১(২০০)

তারিখ- ১৫ মার্চ, ২০১৭খ্রিঃ

অনুলিপিঃ

- ১। অধ্যক্ষ/ইনচার্জ, ----- নার্সিং কলেজ / নার্সিং ইনস্টিটিউট (সংশ্লিষ্ট মিডওয়াইফারি ইনস্টিটিউট)।
- ২। নার্সিং সুপারভাইজার, -----মেডিকেল কলেজ হাসপাতাল।
- ৩। সেবা তত্ত্বাবধায়ক, ----- জেনারেল / সদর / আধুনিক হাসপাতাল।



রেজিস্ট্রার

বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল